

■ সুনান আত তিরমিজী (তাহকীকৃত)

হাদিস নাম্বারঃ ৩৩১৫

৮৮/ তাফসীরুল কুরআন উপর সুন্নত রিপোর্ট (كتاب تفسير القرآن عن رسول الله ﷺ)

পরিচ্ছেদঃ ৬৪. সূরা আল-মুনাফিকুন

আরবী

حَدَّثَنَا أَبْنُ أَبِي عُمَرَ، حَدَّثَنَا سُفِيَّانُ، عَنْ عَمْرُو بْنِ دِينَارٍ، سَمِعَ جَابِرَ بْنَ عَبْدِ اللَّهِ، يَقُولُ كُنَّا فِي غَزَّةِ قَالَ سُفِيَّانُ يَرَوْنَ أَنَّهَا غَزْوَةُ بَنِي الْمُصْطَلِقِ فَكَسَعَ رَجُلٌ مِنَ الْمُهَاجِرِينَ رَجُلًا مِنَ الْأَنْصَارِ فَقَالَ الْمُهَاجِرُ يَا لِلْمُهَاجِرِينَ وَقَالَ الْأَنْصَارِيُّ يَا لِلْأَنْصَارِ فَسَمِعَ ذَلِكَ النَّبِيُّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فَقَالَ "مَا بَالُ دَعْوَى الْجَاهِلِيَّةِ" . قَالُوا رَجُلٌ مِنَ الْمُهَاجِرِينَ كَسَعَ رَجُلًا مِنَ الْأَنْصَارِ فَقَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ "دَعْوَهَا فَإِنَّهَا مُنْتَهٌ" . فَسَمِعَ ذَلِكَ عَبْدُ اللَّهِ بْنُ أَبِي أَبْنَ سَلْوَانَ فَقَالَ أَوْقَدْ فَعَلُوهَا وَاللَّهُ (لِئِنْ رَجَعْنَا إِلَى الْمَدِينَةِ لَيُخْرِجَنَّ الْأَعْزَزَ مِنْهَا الْأَذَلَّ) فَقَالَ عُمَرُ يَا رَسُولَ اللَّهِ دَعْنِي أَضْرِبُ عُنْقَ هَذَا الْمُنَافِقِ . فَقَالَ النَّبِيُّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ "دَعْهُ لَا يَتَحَدَّثُ النَّاسُ أَنَّ مُحَمَّدًا يَقْتُلُ أَصْحَابَهُ" . وَقَالَ غَيْرُ عَمْرُو فَقَالَ لَهُ أَبْنُهُ عَبْدُ اللَّهِ بْنُ عَبْدِ اللَّهِ وَاللَّهُ لَا تَنْقِلْبُ حَتَّى تُقْرَأَ أَنْكَ الدَّلِيلُ وَرَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ الْعَزِيزُ . فَفَعَلَ . قَالَ أَبُو عِيسَى هَذَا حَدِيثٌ حَسَنٌ صَحِيحٌ .

বাংলা

৩৩১৫। আমর ইবনু দীনার (রহঃ) হতে বর্ণিত আছে, তিনি জাবির ইবনু আবদুল্লাহ (রাযঃ)-কে বলতে শুনেছেন, একটি যুদ্ধে আমরা উপস্থিত ছিলাম। সুফইয়ান বলেন, তা বানী মুসতালিকের যুদ্ধ ছিল। এক মুহাজির এক আনসারীর নিতম্বে আঘাত করলে মুহাজির লোক ডাকেন, হে মুহাজির ভাইয়েরা। আনসারী লোকটিও ডাকেন, হে আনসার ভাইয়েরা। তা শুনতে পেয়ে রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেনঃ জাহিলী যুগের ডাকাডাকি হচ্ছে কেন?

লোকেরা বলল, হে আল্লাহর রাসূল! এক মুহাজির এক আনসারীর নিতম্বে আঘাত করেছে। তিনি (রাসূলুল্লাহ) বলেনঃ এ ডাকাডাকি বন্ধ কর, কারণ এটা ঘূণিত ডাক। বিষয়টি আবদুল্লাহ ইবনু উবাই ইবনু সালুলের কানে পৌছলে সে বলল, এত বড় সাহস! এ কাজ তারা করেছে? আল্লাহর কসম! যদি আমরা মদীনায় ফিরে যেতে পারি

তাহলে অবশ্যই সেখান হতে সম্মানিতরা হীনদেরকে বিতাড়িত করবে।

উমর (রায়ঃ) বলেন, হে আল্লাহর রাসূল! আমাকে অনুমতি দিন, এই মুনাফিকের ঘাড় আমি উড়িয়ে দেই। মুহাম্মাদ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেনঃ তাকে এড়িয়ে চল। লোকেরা যেন বলতে না পারে যে, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তার সঙ্গীদেরকে খুন করেন।

আমর ইবনু দীনার (রহঃ) ছাড়া অপর এক বর্ণনাকারী বলেন, 'আবদুল্লাহ ইবনু উবাইর ছেলে 'আবদুল্লাহ (রায়ঃ) (তার বাবাকে) বলেন, আল্লাহর কসম! আপনি এ কথা যতক্ষণ স্বীকার না করবেন যে, "আপনিই হীন আর রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম হলেন মহাসম্মানিত", ততক্ষণ পর্যন্ত আপনি মদীনায় ফিরে যেতে পারবেন না। তারপর সে তা স্বীকার করে।

সহীহঃ বুখারী ও মুসলিম।

আবু উস্মা বলেন, এ হাদীসটি হাসান সহীহ।

English

Sufyan narrated from Amr bin Dinar that he heard Jabir bin Abdullah saying: "We were in a battle" - Sufyan said: "They say it was the battle of Banu Mustaliq" - "A man from the Muhajirin kicked a man from the Ansar. The man from the Muhajirin said: 'O Muhajirin!' the man from the Ansar said: 'O Ansar!' The Prophet heard that and said: 'What is this evil call of Jahliyyah?' They said: 'A man from the Muhajirin kicked a man from the Ansar.' So the Prophet said: 'Leave that, for it is offensive.' Abdullah bin Ubayy bin Salul heard that and said: 'Did they really do that? By Allah! If we return to Al-Madinah indeed the more honorable will expel therefrom the meaner.' Umar said: 'Allow me to chop off the head of this hypocrite, O Messenger of Allah!' The Prophet said: 'Leave him, I do not want the people to say that Muhammad kills his Companions.'" Someone other than Amr said: "So his son, Abdullah bin Abdullah, said: 'By Allah! You shall not return until you say that you are the mean and that the Messenger of Allah is the honorable.' So he did so."

হাদিসের মান: সহীহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হ্রসাইন আল-মাদানী □ বর্ণনাকারীঃ আমর ইবনু দীনার (রহঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=41788>

₹ হাদিসবিড়ির প্রজেক্টে অনুদান দিন